গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd



স্মারক নং- ৯৭৬

তারিখ ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগষ্ট ২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরাদনগর উপজেলার সকল সহকারী শিক্ষককে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং: ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭-৩৫০, তারিখ: ২১/০৬/২০২৬খ্রি. মোতাবেক এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,পলিসি ও অপারেশন বিভাগের স্মারক নং: ৩৮.০১.০০.০০০০.৪০০.১৯.০০১৭.২৫.১৫৯ ,তারিখ: ০২ আগষ্ট ২০২৬ মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শুন্য পদে আগ্রহী প্রার্থীদের বদলির আবেদন ০৯ আগষ্ট ২০২৬ খ্রি. হতে ১৫ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে(বিকাল ০৪.০০ ঘটিকা) আহ্বান করা যাচ্ছে।

বদলির শর্তাবলি:

ক. চাকুরির মেয়াদ ন্যূনতম ০২(দুই) বছর পূর্ণ না হলে কোনো সহকারী শিক্ষক/শিক্ষিকা বদলিযোগ্য বিবেচিত হবেন না। যে কোনো বদলির পর ০৩(তিন) বছর অতিক্রম না হলে কোনো শিক্ষক পুনঃবদলির জন্য বিবেচিত হবেন না;
খ. সংশ্লিষ্ট বিদ্যালয়ে শুধু শুন্য পদের বিপরীতে বদলি করা যাবে;
গ. কোনো শিক্ষকের আবেদন ব্যতীত নিজ বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলি করা যাবে না। তবে,জনস্বার্থে/প্রশাসনিক কারণে জাতীয় কমিটির অনুমোদন সাপেক্ষে বদলি করা যাবে;
ঘ. যে সকল বিদ্যালয়ে ০৫(পাঁচ) জন বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত আছেন কিংবা শিক্ষক-শিক্ষার্থী অনুপাত১:৪০এর বেশি রয়েছে,সে সকল বিদ্যালয় থেকে শিক্ষক বদলি করা যাবে না;
ঙ. একই বিদ্যালয়ে একাধিক শিক্ষক বদলির আবেদন করলে যথাক্রমে জ্যেষ্ঠ শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন;
চ. একটি বিদ্যালয়ে সর্বোচ্চ ০৩(তিন) জন শিক্ষককে সংযুক্তি পদায়ন করা যাবে;এবং
ছ. বদলির ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে শিক্ষিকাগণ স্থায়ী ঠিকানা/স্বামীর স্থায়ী ঠিকানার নিকটবর্তী বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

বিদ্র: উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার,মুরাদনগর,কুমিল্লা বরাবরে লিখিত ০২(দুই) কপি আবেদনপত্র আগামী ০৯ আগষ্ট ২০২৬ খ্রি. হতে ১৫ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়,মুরাদনগর,কুমিল্লা-এ জমা দিতে হবে।

০৬/০৮/২০২৬
সাকিব হাছান খান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
মুরাদনগর,কুমিল্লা।
unomuradnagar1@gmail.com

স্মারক নং- ৯৭৬

তারিখ : ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগষ্ট ২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় সংসদ সদস্য,২৫১,কুমিল্লা-৩(মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক ও সভাপতি জেলা বদলি কমিটি,কুমিল্লা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,কুমিল্লা।
৪. উপজেলা..........................অফিসার,মুরাদনগর,কুমিল্লা।
৫. উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার(সকল), মুরাদনগর,কুমিল্লা।
৬. জনাব................... বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী (সভাপতি কর্তৃক মনোনীত)।
৭. প্রধান শিক্ষক..............................সরকারি প্রাথমিক বিদ্যালয়(সকল),মুরাদনগর,কুমিল্লা।
৮. সহকারী শিক্ষক..................... সরকারি প্রাথমিক বিদ্যালয়(সকল),মুরাদনগর,কুমিল্লা।
অফিস কপি।

৬/৮/২৬
আলমগীর মোল্লা
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার(অ.দা)
মুরাদনগর ,কুমিল্লা